

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 14-01-2025**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) মকর সংক্রান্তির মাহেন্দ্রক্ষণে গঙ্গাসাগরে চলছে পুন্যস্নান। যোগ চলবে আগামীকাল সকাল ৬-টা ৫৮ মিনিট পর্যন্ত।

গঙ্গায় পূণ্য স্নান নির্বিঘ্নে সম্পন্ন করতে পূর্ব রেল বিকেল তিনটে পর্যন্ত চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করেছে।

২) বীরভূমের জয়দেব-কেঁদুলি মেলায় ভোর থেকে অজয়ের ঘাটে ঘাটে শুরু হয়েছে মকর স্নান।

৩) মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতি মৃত্যু ঘটনায় অভিযুক্ত সংস্থার স্যালাইনের ব্যবহার আপাতত নিষিদ্ধ করেছে রাজ্য স্বাস্থ্য দফতর।

ঘটনার বিভাগীয় তদন্তের পাশাপাশি সিআইডি তদন্তের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

৪) স্যালাইন কাণ্ড নিয়ে কলকাতা হাইকোর্টে দুটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে।

৫) পূর্ব রেলের দমদম – ডানকুনি সেকশনে সিসিআর ফিফটিন সেতুর গার্ডার বদলের জন্য আগামী ২৩ তারিখ থেকে চারদিন ১-শো ঘণ্টা ট্রেন চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে।

৬) বাংলা বিজয় মার্চেন্ট ট্রফি ক্রিকেট থেকে বিদায় নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মকর সংক্রান্তির মহেন্দ্রক্ষণে গঙ্গাসাগরে চলছে পুন্যস্নান। সকাল ৬-টা ৫৮ মিনিট থেকে শুরু হয়েছে পুন্যস্নানের যোগ। মধ্যরাত থেকেই রঙীন আলোকমালায় সেজে ওঠা সাগরমেলায় পুন্যার্থীদের স্রোত আছড়ে পড়ছে। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - গৌতম)

এদিকে, পৌষ সংক্রান্তি উপলক্ষে বাংলার ঘরে ঘরে চলছে পিঠেপুলি উৎসব এবং সংক্রান্তির পূজার্চনা। অনেক জায়গায়তেই রং-বেরং-এর ঘুঁড়ি ওড়ানো হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মকর সংক্রান্তি উপলক্ষে গঙ্গায় পূণ্য স্নান নির্বিঘ্নে সম্পন্ন করতে আজ পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন বিকেল তিনটে পর্যন্ত চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করছে। সাতটি ট্রেন বাতিল করা হয়েছে। কলকাতা স্টেশনে যাত্রা শুরু ও শেষ করবে চারটি করে ট্রেন।

একটি ট্রেন বারাসাতে যাত্রা সংক্ষিপ্ত করবে ও একটি ট্রেন কাঁকুড়গাছি রোড জংশন-বালিগঞ্জ হয়ে মাঝেরহাট যাবে।

একটি ইএমইউ লোকাল বালিগঞ্জ স্টেশনে যাত্রা সংক্ষিপ্ত করবে এবং অন্য একটি ট্রেন সেখান থেকে যাত্রা শুরু করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বীরভূমের জয়দেব কেন্দুলী মেলায় -সারারাত জুড়ে আখড়ায় আখড়ায় কীর্তন ও বাউল গানের আসর শেষে, ভোর থেকে অজয়ের ঘাটে ঘাটে শুরু হয়েছে মকর স্নান ও রাধাগোবিন্দক প্রাচীন মন্দির পূজো দেওয়ার পালা। সুদূর সুন্দরবন অথবা উত্তরবঙ্গের কোচবিহার, দিনাজপুর থেকে এসেছেন হাজার হাজার পুন্যার্থী। তাঁদের বেশিরভাগই রাত কাটিয়েছেন খোলা আকাশের নিচে খড়ের বিছানায় অথবা পলিথিনের আচ্ছাদনের নিচে।

গতকাল বিকেলে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন পশ্চিমবঙ্গ গ্রামীণ উন্নয়ন পর্ষদের সভাপতি অনুরত মণ্ডল।

অজয়ে এই সময় যেহেতু জলে স্রোত ক্ষীণ সেই কারণে মকর স্নানের জন্য ৬টি ঘাটের মাটি সরিয়ে বিশেষভাবে প্রস্তুত করা হয়েছে। মেলায় নিরাপত্তার জন্য সিসিটিভি, ড্রোন ও পর্যাপ্ত পুলিশের ব্যবস্থা করা হয়েছে।

অন্যদিকে, জয়দেব অঞ্চল সংস্কৃতি সেবা সমিতির উদ্যোগে এখানের ভক্তিবনে আজ থেকে তিন দিনব্যাপী থাকছে সাহিত্যসভা, কবি সম্মেলন ও বই প্রকাশ অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রসূতি মৃত্যুর ঘটনায় অভিযুক্ত ওই সংস্থার স্যালাইনের ব্যবহার আপাতত নিষিদ্ধ করেছে রাজ্য স্বাস্থ্য দফতর। স্বাস্থ্যভবনে গতকাল দফায়-দফায় বৈঠকের পর স্বাস্থ্যশিক্ষা দপ্তরের বিশেষ সচিব ডা. অনিরুদ্ধ নিয়োগী জানিয়েছেন, স্যালাইনের গুণমান নিয়ে তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা বহাল থাকবে। কোনো হাসপাতালে ওই স্যালাইন মজুত থাকলে অবিলম্বে তা সরিয়ে ফেলতে হবে। সমস্ত সরকারি হাসপাতাল ও মেডিক্যাল কলেজের সুপার, প্রিন্সিপালদের এই নিষেধাজ্ঞার বিষয়টি জানিয়ে দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে নিম্নমানের স্যালাইন প্রয়োগে এক প্রসূতির মৃত্যু ও তিনজনের অসুস্থ হওয়ার ঘটনায় বিভাগীয় তদন্তের পাশাপাশি সিআইডি তদন্তেরও নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল নবান্নে সাংবাদিকদের বলেন, ১৩ সদস্যের বিশেষজ্ঞ কমিটির প্রাথমিক রিপোর্টে

চিকিৎসকদের গাফিলতির কথা উল্লেখ করা হয়েছে। বিস্তারিত রিপোর্টে যাঁরাই দোষী প্রমাণিত হবেন, তাঁদের বিরুদ্ধেই কড়া পদক্ষেপ করা হবে।

মুখ্যসচিব আরও জানান, এই ঘটনায় কারা যুক্ত বিভাগীয় তদন্তের মাধ্যমে তাদের চিহ্নিত করে তিনদিনের মধ্যে চূড়ান্ত রিপোর্ট জমা দেওয়ার পাশাপাশি সিআইডিকেও একই সময়ের মধ্যে তাদের তদন্ত রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল মুখ্যসচিব, স্বাস্থ্যসচিব সহ বেশ কয়েকজন আধিকারিকদের সঙ্গে এই নিয়ে দীর্ঘ বৈঠক করেন। স্বাস্থ্য দপ্তরের ১০ প্রবীণ চিকিৎসকের সঙ্গেও এব্যাপারে কথা বলেন তিনি। সেখানে তিনি স্পষ্ট জানিয়েছেন, মানুষের জীবন নিয়ে এই ধরনের গাফিলতি কোনোভাবেই বরদাস্ত করা হবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০

মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে স্যালাইন কাণ্ড নিয়ে কলকাতা হাইকোর্টে দুটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। ওই বিষয়ে প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমের দৃষ্টি আকর্ষণ করে মামলা দায়েরের অনুমতি চান আইনজীবী ফিরোজ এডুলজি এবং আইনজীবী কৌস্তভ বাগচী। আগামী বৃহস্পতিবার মামলাগুলির শুনানির সম্ভাবনা রয়েছে।

আইনজীবী ফিরোজ এডুলজি তাঁর আবেদনে এই ঘটনায় সিট গঠনের পাশাপাশি সিবিআই তদন্তেরও দাবি জানিয়েছেন।

অন্যদিকে, আর এক মামলাকারী আইনজীবী কৌস্তভ বাগচী প্রধান বিচারপতিকে জানান, অনেক ভুয়ো ওষুধ প্রস্তুতকারক সংস্থা আছে, যাদের মাধ্যমে প্রচুর আর্থিক লেনদেন হয়। ইডি ও কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোলারকে দিয়ে ওই ঘটনার তদন্তের দাবি জানান তিনি।

oooooooooooooooooooo

এদিকে, নিম্নমানের ওই স্যালাইন সরবরাহকারী সংস্থার আধিকারিকের সঙ্গে শাসক দলের যোগ রয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

(বাইট )

সিপিআইএম-র রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমও এই ঘটনায় রাজ্য সরকারকেই দায়ী করেছেন।

(বাইট)

এদিকে, স্যালাইন কাণ্ডের জেরে প্রসূতি মৃত্যুর প্রতিবাদে এবং রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতি র অভিযোগ তুলে কংগ্রেস গতকাল সন্টলেকে স্বাস্থ্য ভবন অভিযান করে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মিছিল থেকে স্বাস্থ্যমন্ত্রী ও স্বাস্থ্য সচিবের পদত্যাগের দাবি তোলেন।

(বাইট)

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ পাল্টা কটাক্ষ করে বলেছেন, বাম আমলে মেডিকেল কিট কেলেঙ্কারি আজও রাজ্যবাসী মনে রেখেছে।

(বাইট)

oooooooooooooooooooo

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম - ডানকুনি সেকশনে বালিঘাট ও বালিহল্ট স্টেশনের মাঝে ৯৫ বছরের পুরনো সিসিআর ফিফটিন সেতুর গার্ডার বদলের কাজের জন্য আগামী ২৩ তারিখ রাত ১২-টা থেকে ২৭-শে জানুয়ারী ভোর চারটে পর্যন্ত টানা ১-শো ঘণ্টা ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এর জেরে ওই চারদিন শিয়ালদা ও ডানকুনির মধ্যে ২২ জোড়া লোকাল ও কয়েকটি এক্সপ্রেস ট্রেন বাতিল থাকছে। এর মধ্যে রয়েছে কলকাতা - পাটনা গরীবরথ, কলকাতা - বালুরঘাট তেভাগা এক্সপ্রেস, শিয়ালদা - আসানসোল ইন্টারসিটি এক্সপ্রেস ইত্যাদি। শিয়ালদার ডি আর এম দীপক নিগম, গতকাল সাংবাদিক বৈঠকে জানান, জম্মুতাই, অনন্যা, আগ্রা ক্যান্টনমেন্ট,

পদাতিক, কাঞ্চনজঙ্ঘা সহ একাধিক এক্সপ্রেস ট্রেনের যাত্রাপথ পরিবর্তন করা হয়েছে। বেশকিছু ট্রেন দক্ষিণেশ্বরের পরিবর্তে বেলঘরিয়া স্টেশনে থামবে। ঘুরপথে শিয়ালদা – নৈহাটি রুটে এক্সপ্রেস ট্রেন চলাচলের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় শিয়ালদা মেন ও নর্থ সেকশনে লোকাল ট্রেন ১ থেকে দেড় মিনিট দেরিতে চলার সম্ভাবনা। যে সব দূরপাল্লার ট্রেন বাতিল হচ্ছে, সেইসব ট্রেনের সংরক্ষিত আসনে টিকিটের মূল্য যাত্রীদের ফেরত দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার ৫ মাস কেটে গেলেও বিচার না মেলার প্রতিবাদে এবং সিবিআই তদন্তের গতিপ্রকৃতি নিয়ে প্রশ্ন তুলে শিলিগুড়িতে গতকাল নাগরিক কনভেনশনের আয়োজন করা হয়। বাঘাঘাটী পার্ক ময়দান সংলগ্ন এলাকায় এদিনের কনভেনশনে উপস্থিত ছিলেন ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফোরামের প্রতিনিধি অনিকেত মাহাতো ও আসফাকুল্লা নাইয়া। অনিকেত জানান, ১৮ তারিখ শিয়ালদা আদালতে এই মামলার রায়দানের পরই আন্দোলনের পরবর্তী রূপরেখা স্থির হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের মেমারি থানার মেরুয়ায় গোরু চোর সন্দেহে এক ব্যক্তিকে পিটিয়ে মারার অভিযোগে পুলিশ চারজনকে গ্রেপ্তার করেছে। ধৃত মুজিবর শেখ, শেখ সুন্দর আলি, ভোলা চৌধুরি ও জয়ন্ত মালিককে গতকাল বর্ধমান সিজিএম আদালতে তোলা হলে পাঁচদিন পুলিশি হেফাজতে পাঠানো হয়েছে।

গত রবিবার গোরু চোর সন্দেহে ওই ব্যক্তিকে আটকে প্রচণ্ড মারধর করা হয় বলে অভিযোগ। তিনি সংজ্ঞাহীন অবস্থায় মাঠে পড়েছিলেন। পরে তাকে উদ্ধার করে মেমারি হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা, বিজয় মার্চেন্ট ট্রফি ক্রিকেট থেকে বিদায় নিয়েছে। আমেদাবাদে গতকাল বাংলা ও মুম্বাইয়ের মধ্যে চারদিনের কোয়ার্টার ফাইনাল ম্যাচটি অমীমাংসিতভাবে শেষ হয়। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে মুম্বাই সেমিফাইনালে পৌঁছেছে। খেলার সংক্ষিপ্ত স্কোর - মুম্বাই -৩৫৫ ও এক উইকেটে ৫৬, বাংলা ২৬৪ ও ৯ উইকেটে ১৯০ ডিক্লেয়ার।

oooooooooooooooooooooooo